তারিখ 06 APR 1991
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৭

দৈনিক বাংলা

# বিজ্ঞান শিক্ষার উপকরণ

শিক্ষা ও সংস্কৃতি মন্ত্রী বদরুদ্দোজা চৌধুরী বিজ্ঞান শিক্ষার উপকরণ সহজলভ্য করার আহবান জানিয়েছেন। বিদেশী উপকরণ আমদানীর বিকল্প হিসাবে তিনি দেশীয় উপকরণ তৈরির কথা বলেছেন। এই লক্ষ্যে প্রযুক্তিগত উন্নয়ন ও তার প্রসারের ওপর মন্ত্রী গুরুত্ব আরোপ করেন।

বর্তমান সরকার শিক্ষার ওপর যে গুরুত্ব আরোপ করেছেন তা অভিনন্দনযোগ্য। উন্নয়নে বিজ্ঞানের বিশেষ ভূমিকার জন্য আধুনিক শিক্ষায় বিজ্ঞান কিছু অতিরিক্ত গুরুত্ব পায়। কুসংস্কার ও অজ্ঞানতামুক্ত করে সাধারণ মানুষকে বিজ্ঞানমনস্ক করে তোলা সামাজিক, সাংস্কৃতিক এবং অর্থনৈতিক সকল প্রকার উন্নয়নের জন্যই জরুরী। আমাদের দেশে বিজ্ঞান তেমন গুরুত্ব পায়নি। এটা আমাদের অনগ্রসরতার অন্যতম প্রধান কারণ অবশ্যই। আমাদের দেশ থেকে এখনো এমন কোন বিজ্ঞানী উঠে আসেননি যিনি বৃহৎ কিছু অবদান রাখতে পেরেছেন। কেন তা সম্ভব হয়নি সে প্রশ্ন ভালভাবে বিশ্লেষণ করে দেখা দরকার। আমাদের দেশের সর্বস্তরের মানুষ সবরকম সুযোগ-সুবিধা পেলে পরিস্থিতি অন্য রকম হতেও পারত। এমন মেধাবী ছাত্রছাত্রী থাকতে পারে যারা সুযোগের অভাবে তাদের মেধার সদ্ব্যবহার করতে পারে না। তাই বিজ্ঞান শিক্ষা যাতে যথার্থভাবে বিস্তার লাভ করে সেজন্য দেশের সব স্কুল-কলেজে শিক্ষক, লাইব্রেরী, ল্যাবরেটরী ও সমস্ত সরঞ্জাম থাকার ব্যবস্থা নিশ্চিত করা জরুরী। গ্রামের স্কুলগুলিতে বিজ্ঞান শিক্ষার অবস্থা এখন খুবই পড়ে গেছে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের এদিকে মনোযোগ দেয়া এবং প্রতিকারের উদ্যোগ নেয়া প্রয়োজন।

আমাদের অর্থনীতির সীমিত সামর্থ্যের কথা আমাদের অবশ্যই বিবেচনা করতে হবে। এই দৃষ্টিকোণ থেকে শিক্ষামন্ত্রীর বিজ্ঞান শিক্ষার জন্য দেশীয় উপকরণ তৈরির পরামর্শ যুক্তিযুক্ত। বিজ্ঞান শিক্ষার জন্য ল্যাবরেটরী থাকা যেমন জরুরী তেমনি তার প্রয়োজনীয় সাজসরঞ্জামও থাকতে হবে। দেশের সব স্কুলের বা কলেজের জন্য এই উপকরণ আমদানী করা নিশ্চয়ই ব্যয়সাপেক্ষ। স্থানীয়ভাবে এইসব উপকরণ তৈরির উদ্যোগ আমাদের অবশ্যই নিতে হবে। স্থানীয়ভাবে উদ্ভাবিত ছোটখাটো যন্ত্রপাতির খবর মাঝেমাঝে আমরা শুনি। কিন্তু সম্ভবত প্রয়োজনীয় সাহায্য-সহযোগিতা ও পৃষ্ঠপোষকতার অভাবে এইসব উদ্ভাবন পরিণতিতে পৌঁছাতে পারে না অধিকাংশ সময়েই। সম্ভাবনাময় উদ্ভাবনকে চিহ্নিত করে তার বিকাশের জন্য অনুকূল পরিবেশ তৈরি করতে হবে। স্থানীয় প্রযুক্তিকে উৎসাহিত করতে হবে। বিজ্ঞানের বিকাশ প্রযুক্তি- নির্ভর। উন্নত প্রযুক্তি আধুনিক বিজ্ঞানের অত্যাশ্চর্য সাফল্যের একটা কারণ। তাই প্রযুক্তিগত প্রশিক্ষণের ব্যবস্থাও ব্যাপক হওয়া দরকার।